সোনালী ব্যাংক পিএলসি

*বিশ্বস্ত ও স্মার্ট*

নং-এইচআরএমডি/ওএমডি/সেকশন-২/ব্যাঃনথি (অ-২১৬০৮)/৫৪৩১ তারিখ: ২৬-০৮-২০২৫

জেনারেল ম্যানেজার
সোনালী ব্যাংক পিএলসি
জেনারেল ম্যানেজার'স অফিস
ঢাকা-সেন্ট্রাল, ঢাকা

বিষয়: University of Gothenburg, Sweden এ Master of Science in Management প্রোগ্রামে অধ্যয়নের নিমিত্ত সুইডেনে গমনের অনুমতিসহ ০১ (এক) বৎসর অধ্যয়ন ছুটি (বহিঃবাংলাদেশ) মঞ্জুর প্রসঙ্গে: জনাব মোঃ মাহফুজুর রহমান (জি-৪৫২১১), প্রিন্সিপাল অফিসার, সোনালী ব্যাংক পিএলসি, মোহাম্মদপুর বাজার শাখা, ঢাকা।

মহোদয়

শিরোনামোক্ত বিষয়ে জনাব মোঃ মাহফুজুর রহমান (জি-৪৫২১১), প্রিন্সিপাল অফিসার এর আবেদন এবং আপনাদের ১৪-০৮-২০২৫ তারিখের ২৬৯৮ সংখ্যক পত্রের সুপারিশের প্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্মকর্তার অনুকূলে University of Gothenburg, Sweden এ Master of Science in Management প্রোগ্রামে অধ্যয়নের নিমিত্ত সুইডেনে গমনের অনুমতিসহ ০১ (এক) বৎসর (**৩০৪ দিন পূর্ণ গড় বেতনে ও ৬১ দিন বিনা বেতনে**) অধ্যয়ন ছুটি (বহিঃবাংলাদেশ) নিম্নোক্ত শর্তে কর্তৃপক্ষ মঞ্জুর করেছেন:

১) অধ্যয়ন ছুটি শেষে দেশে প্রত্যাবর্তনের পর নিরবচ্ছিন্নভাবে ০৫ (পাঁচ) বছরের জন্য তিনি এ ব্যাংকে চাকরি করবেন মর্মে ৩০০/= টাকা মূল্যমানের নন জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করবেন;
২) অনুমোদিত প্রোগ্রাম ও বিশ্ববিদ্যালয় কোনো ভাবেই পরিবর্তন করা যাবে না;
৩) সুইডেনে গমনের পর অনতিবিলম্বে সুইডেনে অবস্থানকালীন তার সাথে যোগাযোগের পূর্ণ ঠিকানা ই-মেইলের মাধ্যমে (dgm hrmd@sonalibank.com.bd এবং sblpmd2@sonalibank.com.bd) এ ডিভিশনকে অবহিত করতে হবে;
৪) সুইডেনে গমনের ০৭ (সাত) দিনের মধ্যে সুইডেনের বাংলাদেশ দূতাবাসে রিপোর্ট করবেন;
৫) তিনি মঞ্জুরিকৃত ছুটি ভোগ শেষে দেশে প্রত্যাবর্তন তারিখের পরবর্তী কর্মদিবসে তার কর্মস্থলে যোগদান করবেন;
৬) তিনি কর্মস্থলে যোগদানের ০৭ (সাত) দিনের মধ্যে তার অর্জিত ডিগ্রির সনদ/ প্রমাণক এ ডিভিশনে প্রেরণ করবেন;
৭) সোনালী ব্যাংক পিএলসি কর্মচারী চাকরি প্রবিধানমালা-২০২২ এর উপপ্রবিধান ১৯(৩)(ঘ) অনুযায়ী বিনা বেতনে মঞ্জুরিকৃত অসাধারণ ছুটিকাল বেতন বৃদ্ধি, গ্র্যাচুয়িটি, ছুটি প্রাপ্যতা এবং পদোন্নতির উদ্দেশ্যে গণনা করা হইবে না;
৮) প্রস্তাবিত ভ্রমণে যাতায়াত ভাড়াসহ যাবতীয় ব্যয়ভার সংশ্লিষ্ট কর্মকর্তা নিজস্ব উৎস হতে নির্বাহ করবেন, এতে ব্যাংক কিংবা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর কোনো আর্থিক সংশ্লিষ্টতা থাকবে না;
৯) অধ্যয়নকালীন তার প্রাপ্য বেতন/ ভাতাদি ব্যাংক কর্তৃক বিধি মোতাবেক বাংলাদেশি মুদ্রায় প্রদত্ত হবে;
১০) অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় তিনি বিদেশে অবস্থান করতে পারবেন না;
১১) উচ্চ শিক্ষা গ্রহণের লক্ষ্যে তাকে ছুটি ভোগের তারিখ হতে ০১ (এক) বৎসর অনুমতিসহ (৩০৪ দিন পূর্ণ গড় বেতনে ও ৬১ দিন বিনা বেতনে) অধ্যয়ন ছুটি (বহিঃবাংলাদেশ) প্রদান করা হলো। তিনি শিক্ষা ছুটি ০২ (দুই) বছরের জন্য আবেদন করেছেন বিধায় প্রথম বছর অধ্যয়নের ফলাফল ও তার আবেদনের প্রেক্ষিতে পরবর্তী ০১ (এক) বছরের ছুটি মঞ্জুরির বিষয়টি বিবেচনাযোগ্য হবে; এবং
১২) উল্লিখিত ভ্রমণের মঞ্জুরি পত্রের মেয়াদ ইস্যুর তারিখ হতে ০৩ (তিন) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

এমতাবস্থায়, তদানুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তাকে অবহিতকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত
স্বাক্ষরিত/-
(মোস্তাক আহমদ)
এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১। ডেপুটি জেনারেল ম্যানেজার, সোনালী ব্যাংক পিএলসি, প্রিন্সিপাল অফিস, ঢাকা ওয়েস্ট, ঢাকা।
০২। এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার, সোনালী ব্যাংক পিএলসি, মোহাম্মদপুর বাজার শাখা, ঢাকা।
০৩। জনাব মোঃ মাহফুজুর রহমান (জি-৪৫২১১), প্রিন্সিপাল অফিসার, সোনালী ব্যাংক পিএলসি, মোহাম্মদপুর বাজার শাখা, ঢাকা।
০৪। ইমিগ্রেশন অফিসার, হজরত শাহজালাল (র:) আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
০৫। ওয়েবসাইট কপি।

এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার


| | | |
|---|---|---|
| www: sonalibank.com.bd | হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিভিশন, অফিসার ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট (সেকশন-২), প্রধান কার্যালয়: ৩৫-৪২, ৪৪ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। ফোনঃ ০২-২২৩৩৮৪৫১৫, ০২-২২৩৩৮৫৫২৯ ই-মেইলঃ dgmhrmd@sonalibank.com.bd, sblpmd2@sonalibank.com.bd | হটলাইনঃ ১৬৬৩৯ বিদেশ থেকেঃ +৮৮০৯৬১০০১৬৬৩৯ |